গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা
দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

২০১৬ সালের ১ম বর্ষ অনার্স নিয়মিত/ অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

বিঃ দ্রঃ ইনকোর্স পরীক্ষা ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।
১ম বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd/201 থেকে A4 Size কাগজে প্রিন্ট করে নিতে হবে।

*** রেজিস্ট্রেশন কার্ড ও বিষয় কোডসমূহ স্ব স্ব বিভাগ হতে গ্রহণ করতে হবে।**

আবেদন ফরম জমার তারিখ ঃ

নিয়মিত ঃ বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, পদার্থ, গণিত, মার্কেটিং, ফিন্যান্স = ১৯.০৯.২০১৬ তারিখ
নিয়মিত ঃ অর্থনীতি, ইতিহাস, ইসঃ ইতিহাস, সমাজবিজ্ঞান, সমাজ কর্ম, রসায়ন= ২০.০৯.২০১৬ তারিখ
নিয়মিত ঃ দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, উদ্ভিদ, প্রাণি, মনোবিজ্ঞান,পরিসংখ্যান, ভূগোল = ২১.০৯.২০১৬ তারিখ
অনিয়মিত ও গ্রেড উন্নয়ন ঃ সকল বিষয়= ২২.০৯.২০১৬ ও ২৪.০৯.২০১৬ খ্রি. তারিখ।

নিয়মিত পরীক্ষার্থীদের ফিসাদি (বিশ্ববিদ্যালয় ও কলেজের অংশ) ঃ

বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজ কর্ম, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ১৭০০/-। পদার্থবিদ্যা= ২৫০০/-, রসায়ন = ২৩১০/-, উদ্ভিদবিদ্যা = ২৬৯০/-, প্রাণিবিদ্যা = ২৪৯০/-, গণিত= ২৫৬০/=, মনোবিজ্ঞান= ২০৩০/=, ভূগোল = ২৩৬০/=, পরিসংখ্যান = ২৪৪০/= টাকা ।

অনিয়মিত পরীক্ষার্থীদের ফিসাদি (পরীক্ষার ফিস, বেতন ও সেশন চার্জ ও পুনভর্তি ১৫৬০/- টাকা ফিসহ) ঃ

বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজ কর্ম, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ৩২৬০/-। পদার্থবিদ্যা= ৪০৬০/-, রসায়ন = ৩৮৭০/-, উদ্ভিদবিদ্যা = ৪২৫০/-, প্রাণিবিদ্যা =৪০৫০/-, গণিত= ৪১২০/-, মনোবিজ্ঞান= ৩৫৯০/-, ভূগোল=৩৯২০/-, পরিসংখ্যান = ৪০০০/- টাকা ।

গ্রেড উন্নয়ন ঃ এক পত্রের জন্য ৯০০/= টাকা এছাড়া একাধিক পত্র প্রতি ২০০/= টাকা অতিরিক্ত প্রদান করতে হবে।
অর্ধপত্র থাকলে ৪০/= টাকা কম দিতে হবে।

নিয়মিত পরীক্ষার্থীদের যোগ্যতা ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০১৬ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের যোগ্যতা ঃ

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী পুনঃভর্তি হয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পুর্ববর্তী বছরের তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে C বা D গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সের পরীক্ষা দিতে হবে। তাদেরকে অনলাইন ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।

গ্রেড পরীক্ষার্থীদের যোগ্যতা ঃ

* ২০১৫ সালের ১ম বর্ষ অনার্সে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
* যে সকল শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৫ সালের পরীক্ষায় F গ্রেড কোর্স ও কোর্সসমূহে অংশগ্রহণ করতে হবে।
* সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B^+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
* ২০১৫ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ১টি পত্রে (N=Absent) ২০১৬ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
*** ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।**

পাঠ্যসুচি ঃ সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

পরীক্ষার আবেদন ফরম পূরণের নিয়মাবলী ঃ

(ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণে কোন প্রকার ভুল হলে তার জন্য সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীরাই দায়ী থাকবে।
(খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা বিভাগীয় প্রধান অবশ্যই যাচাই করে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।
(গ) আবেদন ফরম- এ বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর ফটোকপি তা স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।
(ঘ) আবেদন ফরমে নিয়মিত পরীক্ষার্থীদের সকল পত্রের কোড (ব্যবহারিকসহ) শিরোনাম লিখতে হবে।
(ঙ) নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে। অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, প্রবেশপত্র ও অনলাইন ফলাফল সিটের কপি জমা দিতে হবে।
(চ) ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে এবং ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির নিচে রেজিস্ট্রেশন নম্বর লিখে) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

স্ব স্ব বিভাগ কলেজ অফিসে জমাকৃত পরীক্ষার আবেদন গ্রহণ করে আগামী ২৪.০৯.২০১৬ তারিখের মধ্যে অনলাইনে ডাটা এন্ট্রি করে তা ২৫.০৯.২০১৬ খ্রি. তারিখের কলেজ অফিসে পুনরায় জমা দেয়ার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল। অনলাইনে ডাটা এন্ট্রির শেষ তারিখ ২৬.০৯.২০১৬ খ্রি. রাত ১২টা পর্যন্ত।

এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।

(প্রফেসর গুলশান আরা বেগম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা

D:\BL Admin Backup 05 June, 2016\Principal Sir\Notice For 2016 1st Year Hons Form Fill up Regular Notice 05092016.doc